কেন্দ্রীয় অফিস ঃ
"কর্মচারী ভবন"
১০এ, শাঁখারীটোলা স্ট্রীট
কলকাতা - ৭০০ ০১৪
ফোন ঃ ২২৪৬-৪৯২৬, ২২৪৬-৯৫৯৩
ফ্যাক্স ঃ ৯১-০৩৩-২৪৬৯৪৫০

পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতিসমূহের

# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি

ক্রমিক নং : কো-অর্ডি - ১৯ / ১৫

তারিখ : ২৭.০২.২০১৪

মাননীয় মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ

বিষয় : ক্যাশলেস হেলথ স্কীম,২০১৪ প্রসঙ্গে (অর্থদপ্তরের নোটিফিকেশন নং ৪৬৫৬-এফ (এম ই ডি ) তাং ৫ সেপ্টেম্বর ২০১৪)।

মহাশয়া,

আমরা একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার সবিশেষ দৃষ্টি আর্কষণ করতে চাই। আশাকরি, আপনার নিরতিশয় ব্যস্ততার মধ্যেও আপনি বিষয়টির ব্যাপারে হস্তক্ষেপ করবেন এবং উদ্ভুত সমস্যার দ্রুত নিষ্পত্তি ঘটবে।

সম্প্রতি রাজ্য সরকার রাজ্য সরকারী কর্মচারী ও অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের চিকিৎসা-সংক্রান্ত পরিষেবা সম্প্রসারিত করার উদ্দেশ্যে 'ওয়েষ্ট বেঙ্গল হেলথ ফর অল এমপ্লয়িজ এ্যান্ড পেনশনার্স ক্যাশলেস মেডিক্যাল ট্রিটমেন্ট স্কীম,২০১৪'[নোটিফিকেশন নং ৪৪৭৬-এফ (এম ই ডি) তাং ২৮ আগষ্ট,১৪, নং ৪৬৫৬-এফ (এম ই ডি) তাং ৫ সেপ্টে,১৪ এবং মেমোরেন্ডাম নং ৪৮০৩-এফ (এম ই ডি) তাং ১২ সেপ্টে,১৪] প্রকাশ করেছেন এবং প্রচলিত 'ওয়েষ্ট বেঙ্গল হেলথ স্কীম,২০০৮ র অতিরিক্ত হিসাবে এই ক্যাশলেশ হেলথ স্কীম,২০১৪ এর সুযোগ বিস্তৃত করা হল বলে সরকারী নির্দেশগুলিতে জানানো হয়েছে। কিন্তু উল্লিখিত স্কীমটি 'ক্যাশলেশ' বলা হলেও মাত্র ১ লক্ষ টাকা পর্যন্ত এই সুযোগ ক্যাশলেশ স্কীমে পাওয়া যাবে যা স্কীমটির নামের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। অথচ এর ফলে জনমানসে সরকারী কর্মচারীরা চিকিৎসা সংক্রান্ত যাবতীয় পরিষেবা সম্পূর্ণ বিনামূল্যে পাচ্ছেন বলে প্রতিভাত হচ্ছে।

এছাড়া ক্যাশলেশ স্কীম,২০১৪ র সম্প্রসারিত সুযোগ নিতে গিয়ে কর্মচারীরা বর্তমানে নিম্নলিখিত অসুবিধার সম্মুখীন হচ্ছেন;

**প্রথমত ঃ** এই নোটিফিকেশনের সঙ্গে সংযোজনী হিসাবে পশ্চিমবঙ্গ এবং জাতীয় রাজধানী অঞ্চলের যে সকল অর্ন্তভুক্ত হেলথ কেয়ার অর্গানাইজেশন (empanelled Health Care Organigation) এর নাম দেওয়া হয়েছে (জেলাগুলিসহ) তাদের ৮৯টি প্রতিষ্ঠানের মধ্যে সিংহভাগ হেলথ কেয়ার অর্গানাইজেশন এই সুযোগ নেই বলে জানিয়েছেন,শুধু তাই নয় গত ২ জানু,১৫ এবং ৪ঠা ও ৫ই ফেব্রুয়ারী,১৫ অর্থদপ্তরের যে ওয়েব সাইটে ১৫টি হেলথ কেয়ার অর্গানাইজেশনের নাম প্রভিশনাল তালিকায় নির্দিষ্ট করে দেখানো হয়েছে তাদের মধ্যে একাধিক প্রতিষ্ঠানও এই ক্যাশলেশ-র সুযোগ নেই বলে চিকিৎসাপ্রার্থী সরকারী কর্মচারী ও অবসরপ্রাপ্তদের প্রত্যাখ্যান করেছেন;

**দ্বিতীয়ত ঃ** এই ক্যাশলেশ হেলথ স্কীম এর সুযোগ কেবলমাত্র ইনডোর চিকিৎসার জন্য প্রদান করা হবে, কিন্তু নির্দ্ধারিত ১০টি ক্ষেত্রে ও পি ডি/ বা আপৎকালীন অন্যান্য ক্ষেত্রের জন্য সম্প্রসারিত হয়নি;

**তৃতীয়ত ঃ** ক্যাশলেশ হেলথ স্কীম অনুযায়ী ১ লক্ষ টাকার বেশী প্যাকেজ হলে বাড়তি টাকা সুবিধাপ্রাপ্ত কর্মচারী সংশ্লিষ্ট হেলথ কেয়ার অর্গানাইজেশনকে প্রদান করবেন বলে বলা হলেও সুবিধাপ্রাপ্ত কর্মচারীর ব্যয়পূরণ (re-imbursement) দাবী কিভাবে নিষ্পত্তি ঘটবে তা সুস্পষ্টভাবে ঐ আদেশনামায় বলা হয়নি;

**চতুর্থত ঃ** ১৫ সেপ্টে,১৪ পরবর্তীকালে যে সকল কর্মচারী কেবলমাত্র ক্যাশলেশ স্কীমে নাম নথিভুক্ত করেছেন তাদের ১ লক্ষ টাকার অধিক চিকিৎসা ব্যয়পূরণ বিল কিভাবে নিষ্পত্তি হবে বা উল্লিখিত হেলথ কেয়ার অর্গানাইজেশনে ১ লক্ষ টাকার নীচে চিকিৎসার সুযোগ নিলে যাঁদের সিংহভাগ এই সুযোগ দিচ্ছেন না বা নেই বলে জানিয়েছেন কিভাবে সেই বিলের নিষ্পত্তি হবে তা ঐ আদেশনামায় ব্যাখ্যা করা হয়নি;

Recd
3/3/15

কেন্দ্রীয় অফিস ঃ
"কর্মচারী ভবন"
১০এ, শাঁখারীটোলা স্ট্রীট
কলকাতা - ৭০০ ০১৪
ফোন ঃ ২২৪৬-৪৯২৬, ২২৪৬-৯৫৯৩
ফ্যাক্স ঃ ৯১-০৩৩-২৪৬৯৪৫০

পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতিসমূহের

# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি

ক্রমিক নং : কো-অর্ডি - ১৯ / ১৫

তারিখ : ২৭.০২.২০১৪

মাননীয় মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ

বিষয় : ক্যাশলেস হেলথ স্কীম,২০১৪ প্রসঙ্গে (অর্থদপ্তরের নোটিফিকেশন নং ৪৬৫৬-এফ (এম ই ডি ) তাং ৫ সেপ্টেম্বর ২০১৪)।

মহাশয়া,

আমরা একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার সবিশেষ দৃষ্টি আর্কষণ করতে চাই। আশাকরি, আপনার নিরতিশয় ব্যস্ততার মধ্যেও আপনি বিষয়টির ব্যাপারে হস্তক্ষেপ করবেন এবং উদ্ভূত সমস্যার দ্রুত নিষ্পত্তি ঘটবে।

সম্প্রতি রাজ্য সরকার রাজ্য সরকারী কর্মচারী ও অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের চিকিৎসা-সংক্রান্ত পরিষেবা সম্প্রসারিত করার উদ্দেশ্যে 'ওয়েষ্ট বেঙ্গল হেলথ ফর অল এমপ্লয়িজ এ্যান্ড পেনশনার্স ক্যাশলেস মেডিক্যাল ট্রিটমেন্ট স্কীম,২০১৪'[নোটিফিকেশন নং ৪৪৭৬-এফ (এম ই ডি) তাং ২৮ আগষ্ট,১৪, নং ৪৬৫৬-এফ (এম ই ডি) তাং ৫ সেপ্টে,১৪ এবং মেমোরেন্ডাম নং ৪৮০৩-এফ (এম ই ডি) তাং ১২ সেপ্টে,১৪] প্রকাশ করেছেন এবং প্রচলিত 'ওয়েষ্ট বেঙ্গল হেলথ স্কীম,২০০৮ র অতিরিক্ত হিসাবে এই ক্যাশলেশ হেলথ স্কীম,২০১৪ এর সুযোগ বিস্তৃত করা হল বলে সরকারী নির্দেশগুলিতে জানানো হয়েছে। কিন্তু উল্লিখিত স্কীমটি 'ক্যাশলেশ' বলা হলেও মাত্র ১ লক্ষ টাকা পর্যন্ত এই সুযোগ ক্যাশলেশ স্কীমে পাওয়া যাবে যা স্কীমটির নামের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। অথচ এর ফলে জনমানসে সরকারী কর্মচারীরা চিকিৎসা সংক্রান্ত যাবতীয় পরিষেবা সম্পূর্ণ বিনামূল্যে পাচ্ছেন বলে প্রতিভাত হচ্ছে।

এছাড়া ক্যাশলেশ স্কীম,২০১৪ র সম্প্রসারিত সুযোগ নিতে গিয়ে কর্মচারীরা বর্তমানে নিম্নলিখিত অসুবিধার সম্মুখীন হচ্ছেন;

**প্রথমত ঃ** এই নোটিফিকেশনের সঙ্গে সংযোজনী হিসাবে পশ্চিমবঙ্গ এবং জাতীয় রাজধানী অঞ্চলের যে সকল অর্ন্তভুক্ত হেলথ কেয়ার অর্গানাইজেশন (empanelled Health Care Organigation) এর নাম দেওয়া হয়েছে (জেলাগুলিসহ) দের ৮৯টি প্রতিষ্ঠানের মধ্যে সিংহভাগ হেলথ কেয়ার অর্গানাইজেশন এই সুযোগ নেই বলে জানিয়েছেন,শুধু তাই নয় গত ২ জানু,১৫ এবং ৪ঠা ও ৫ই ফেব্রুয়ারী,১৫ অর্থদপ্তরের যে ওয়েব সাইটে ১৫টি হেলথ কেয়ার অর্গানাইজেশনের নাম প্রভিশনাল তালিকায় নির্দিষ্ট করে দেখানো হয়েছে তাদের মধ্যে একাধিক প্রতিষ্ঠানও এই ক্যাশলেশ-র সুযোগ নেই বলে চিকিৎসাপ্রার্থী সরকারী কর্মচারী ও অবসরপ্রাপ্তদের প্রত্যাখ্যান করেছেন;

**দ্বিতীয়ত ঃ** এই ক্যাশলেশ হেলথ স্কীম এর সুযোগ কেবলমাত্র ইনডোর চিকিৎসার জন্য প্রদান করা হবে, কিন্তু নির্দ্ধারিত ১০টি ক্ষেত্রে ও পি ডি/ বা আপৎকালীন অন্যান্য ক্ষেত্রের জন্য সম্প্রসারিত হয়নি;

**তৃতীয়ত ঃ** ক্যাশলেশ হেলথ স্কীম অনুযায়ী ১ লক্ষ টাকার বেশী প্যাকেজ হলে বাড়তি টাকা সুবিধাপ্রাপ্ত কর্মচারী সংশ্লিষ্ট হেলথ কেয়ার অর্গানাইজেশনকে প্রদান করবেন বলে বলা হলেও সুবিধাপ্রাপ্ত কর্মচারীর ব্যয়পূরণ (re-imbursement) দাবী কিভাবে নিষ্পত্তি ঘটবে তা সুস্পষ্টভাবে ঐ আদেশনামায় বলা হয়নি;

**চতুর্থত ঃ** ১৫ সেপ্টে,১৪ পরবর্তীকালে যে সকল কর্মচারী কেবলমাত্র ক্যাশলেশ স্কীমে নাম নথিভুক্ত করেছেন তাদের ১ লক্ষ টাকার অধিক চিকিৎসা ব্যয়পূরণ বিল কিভাবে নিষ্পত্তি হবে বা উল্লিখিত হেলথ কেয়ার অর্গানাইজেশনে ১ লক্ষ টাকার নীচে চিকিৎসার সুযোগ নিলে যাঁদের সিংহভাগ এই সুযোগ দিচ্ছেন না বা নেই বলে জানিয়েছেন কিভাবে সেই বিলের নিষ্পত্তি হবে তা ঐ আদেশনামায় ব্যাখ্যা করা হয়নি;

Recd.
3/3/15

কেন্দ্রীয় অফিস ঃ
"কর্মচারী ভবন"
১০এ, শাঁখারীটোলা স্ট্রীট
কলকাতা - ৭০০ ০১৪
ফোন ঃ ২২৪৬-৪৯২৬, ২২৪৬-৯৫৯৩
ফ্যাক্স ঃ ৯১-০৩৩-২৪৬৯৪৫০

পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতিসমূহের

# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি



**পঞ্চমত ঃ** উল্লিখিত হেলথ কেয়ার অর্গানাইজেশনে ক্যাশলেশ স্কীমের নির্দেশিকা অনুযায়ী চিকিৎসার সুযোগ নগদে নিলে (নতুন স্কীমে রেজিস্ট্রেশন এর পর) তার চিকিৎসা ব্যয়পুরণ বিলই বা কিভাবে নিষ্পত্তি হবে তাও বলা হয়নি;

**ষষ্ঠত ঃ** 'ও বে হেলথ ফর অল এমপ্লয়িজ এ্যান্ড পেনশনার্স ক্যাশলেশ মেডিক্যাল ট্রিটমেন্ট স্কীম,২০১৪ কেবলমাত্র অনলাইনে নথিভুক্তকরণের সুযোগ দেওয়া হয়েছে। বাস্তব পরিস্থিতি বিচার করে অফলাইনে নথিভুক্তিকরণের কোনো সুযোগ রাখা হয়নি। পাশাপাশি, সদ্য চাকরি পাওয়া কর্মচারী যারা জি.পি.এফ. এ্যাকাউন্ট নম্বর পান নি তাদের এই স্কীমে আসার সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে।

**সপ্তমত ঃ** ৩১শে মার্চ,১৫ র পর পুরনো স্কীমের সুবিধাভোগীরা (beneficiaries of WB Health Scheme'08) যাঁরা এই নতুন স্কীমের সুযোগ নিতে পারবেন না (দূরবর্তীস্থানে থাকা,প্রযুক্তিগত অসুবিধার অভাব ও অন্যান্য কারণে) তাদের অবস্থান কি হবে (status) তাও উল্লেখ করা হয়নি;

**অষ্টমত ঃ** ১৫ই সেপ্টেম্বর,১৪-র পরে যাঁরা নতুন করে (fresher) এই ক্যাশলেশ স্কীমে যুক্ত হবেন, সেই সকল দূরবর্তীস্থানে অবসরপ্রাপ্ত কর্মচারী নিকটবর্তী বসবাসের এলাকায় বা সংশ্লিষ্ট অফিসের (যে অফিস থেকে অবসর নিয়েছেন) সদর দপ্তরে চিকিৎসার ব্যয়পূরণ বিল (Medical Re-imbursement bill) পেশ করা ও ব্যয়িত খরচ পাওয়ার যে সুযোগ (enrolled elsewhere but allowed to furnish his claim in any nearby District Office or Head Quaters Office) পূর্ববর্তী হেলথ স্কীমে (WB Health Scheme'08)পেতেন,বর্তমান আদেশনামায় তাদের অবস্থান কিভাবে তা জানানো হয়নি;

**নবমত ঃ** নতুন স্কীমে (Cashless Scheme,2014) সরকারী হাসপাতাল,সরকারী সাহায্যপ্রাপ্ত হাসপাতাল; স্বায়িত্বশাসিত যেমন পৌরসভা পরিচালিত চিকিৎসা প্রতিষ্ঠানগুলিতে ক্যাশলেশ সুযোগ সম্পর্কে কিছুই বলা হয়নি। শুধু তাই নয় উক্ত চিকিৎসা প্রতিষ্ঠানগুলিতে চিকিৎসার সুযোগ নিলে কর্মচারী, পেনশনার এবং সুবিধাভোগীদের ব্যয়পূরণ বিল কিভাবে মেটানো হবে তাও ব্যাখ্যাত হয়নি।

সর্বোপরি পূর্ববর্তী ২০০৮ সালের স্কীমটি (W B Health Scheme '08) ঐচ্ছিক থাকলেও (optional)। বর্তমান স্কীমটিকে বাধ্যতামূলক করা হয়েছে (madatory) যা কোনো স্কীমের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

বস্তুত ক্যাশলেশ স্কীমের আদেশনামাগুলি প্রকাশিত হওয়ার পর সরকারীভাবে ক্যাশলেশভুক্ত চিকিৎসা প্রতিষ্ঠানগুলিতে ক্যাশলেশ এর সুযোগ না পাওয়ায় কর্মচারী / পেনশনার /ফ্যামিলি পেনশনাররা নিদারুন বিড়ম্বনার মধ্যে পড়েছেন এবং প্রভুত অসুবিধার সম্মুখীন হচ্ছেন।

এমতাবস্থায়, সমগ্র বিষয়গুলি খতিয়ে দেখে এবং 'ওয়েষ্ট বেঙ্গল হেলথ ফর অল এমপ্লয়িজ এ্যান্ড পেনশনার্স ক্যাশলেস মেডিক্যাল ট্রিটমেন্ট স্কীম,২০১৪'র অসংগতি দূর করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং সকল কর্মচারী ও অবসরপ্রাপ্ত কর্মচারীদের প্রকৃতঅর্থে ক্যাশলেশ হেলথ স্কীমের সুযোগ চালু করার জন্য আমরা আপনাকে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

ভবদীয়

স্বা /-
(মনোজ কান্তি গুহ)

।। সাধারণ সম্পাদক ।।